



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

ধ্বংসকৃত গাঁজা ক্ষেতের সাথে ইউপিডিএফকে জড়িয়ে সংবাদ পরিবেশনের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ সোমবার ২৩ ডিসেম্বর ২০১৯ এক বিবৃতিতে মহালছড়ির কলাবুনিয়ায় সেনাবাহিনীর বর্ণনায় ধ্বংস করা গাঁজা ক্ষেতের সাথে ইউপিডিএফকে জড়ানোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

গাঁজা চাষের সাথে অযৌক্তিকভাবে ইউপিডিএফকে জড়ানোকে উদ্দেশ্যপ্রণোদিত আখ্যায়িত করে তিনি বলেন, পার্টির ভাবমূর্তি ক্ষুণ্ণ করতেই এভাবে মিথ্যা অপপ্রচার চালানো হয়েছে।

ইউপিডিএফ নেতা বলেন যেখানে ইউপিডিএফ ইয়াবা, হিরোইন, ফেনসিডিল, গাঁজা ইত্যাদি সর্বনাশা মাদকের বিরুদ্ধে বিভিন্ন সময় অভিযান চালিয়ে থাকে, জনসমক্ষে এসব মাদক দ্রব্য ধ্বংস করে থাকে, সেখানে তার পক্ষে গাঁজা চাষের সাথে জড়িত হওয়ার প্রশ্ন একেবারেই হাস্যকর ও অবাস্তব।

অংগ্য মারমা আরো বলেন, উক্ত কথিত গাঁজা ক্ষেত ধ্বংসের সময় যাদেরকে আটক করা হয়েছে তাদেরকেও ইউপিডিএফের সাথে সংশ্লিষ্ট বলে উল্লেখ করা সম্ভব হয়নি, যা এটাই প্রমাণ করে যে, অত্যন্ত অসৎ উদ্দেশ্যে এতে ইউপিডিএফকে জড়ানো হয়েছে।

তিনি চ্যালেঞ্জ দিয়ে বলেন ইউপিডিএফ একটি সুউচ্চ আদর্শের ভিত্তিতে পরিচালিত একটি দল, যার পক্ষে এ ধরনের ঘৃণ্য মাদক চাষ, উৎপাদন, বিপন্ন কিংবা অন্য কোনভাবে জড়িত থাকা একেবারেই অসম্ভব।

তিনি এ ধরনের হীন উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।